

বিশ্বসেরার তালিকায় বুয়েট ঢাবি, নর্থসাউথ

আমাদের সময় ডেস্ক

১৩ মার্চ ২০২৫, ১২:০০ এএম



যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) ২০২৫ সালের বিষয়ভিত্তিক বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। এতে বাংলাদেশের তিনটি বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং নর্থসাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ)। গতকাল বুধবার ওয়েবসাইটে এ তথ্য প্রকাশ করা হয়। এবারের র‍্যাঙ্কিংয়ে পাঁচটি প্রধান বিষয় (ব্রড সাবজেক্ট এরিয়া) ক্যাটাগরিতে তালিকা প্রকাশ করা হয়। ক্যাটাগরিগুলো হলো- ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, সোশ্যাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট, আর্টস অ্যান্ড হিউম্যানিটিজ,

UNIBOTS

লাইফ সায়েন্স অ্যান্ড মেডিসিন এবং ন্যাচারাল সায়েন্স। পাঁচটি ক্যাটাগরির মধ্যে তিনটিতে দেশের তিন বিশ্ববিদ্যালয়ের একাধিক জায়গায় স্থান হয়েছে।

ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ক্যাটাগরিতে দেশের দুই বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। এর মধ্যে বুয়েটের অবস্থান ৩২০তম এবং ঢাবির অবস্থান ৪০১-৪৫০তমের মধ্যে। সোশ্যাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট ক্যাটাগরিতেও দুই বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। এর মধ্যে ঢাবির অবস্থান ৪০১-৪৫০-এর মধ্যে এবং নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৫০১-৫৫০-এর মধ্যে। আর্টস অ্যান্ড হিউম্যানিটিজ ক্যাটাগরিতে একটি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। এই ক্যাটাগরিতে ঢাবির অবস্থান ৫০১-৫৫০-এর মধ্যে। তবে লাইফ সায়েন্স অ্যান্ড মেডিসিন এবং ন্যাচারাল সায়েন্স ক্যাটাগরিতে দেশের কোনো বিশ্ববিদ্যালয়ের স্থান হয়নি।

উল্লেখ্য, আন্তর্জাতিকভাবে স্বীকৃত কিউএস র‌্যাঙ্কিং ২০০৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত টাইমস হায়ার এডুকেশনের সঙ্গে যৌথভাবে তালিকা প্রকাশ করলেও ২০১০ সাল থেকে এটি এককভাবে র‌্যাঙ্কিং প্রকাশ করেছে। কিউএস বিশ্বের সবচেয়ে গ্রহণযোগ্য বিশ্ববিদ্যালয় র‌্যাঙ্কিংয়ের একটি হিসেবে বিবেচিত।